

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৫৮

আগরতলা, ৩ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

গতকাল ২ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘ভিশন ডকুমেন্টের প্রতিশ্রুতি কলাপাতা, ৭ বছরেও রেগার মজুরি হলো না ৩৪০’ শিরোনামে প্রকাশিত সংবাদটি রাজ্যের গ্রামোন্নয়ন দপ্তরের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। সংবাদের স্পষ্টিকরণ দিয়ে গ্রামোন্নয়ন দপ্তর থেকে জানানো হয়েছে, প্রকাশিত সংবাদটি সঠিক নয় ও বিভ্রান্তিকর। গ্রামোন্নয়ন দপ্তর থেকে জানানো হয়েছে, MGNREGA (রেগা) একটি চাহিদা ভিত্তিক প্রকল্প, যেখানে কাজ চাওয়ার ১৫ দিনের মধ্যে কাজ প্রদান করার বিধান রয়েছে। চাহিদার ভিত্তিতে প্রতিটি active job card-কে ১০০ দিন পর্যন্ত শ্রমদিবস প্রদান করা যায়। জনজাতি পাট্টা প্রাপকদের ক্ষেত্রে চাহিদার ভিত্তিতে ১৫০ দিন পর্যন্ত শ্রমদিবস প্রদান করা যায়। ২০২৪-২৫ অর্থবছরে কেন্দ্রীয় সরকার দ্বারা রাজ্যের জন্য এই প্রকল্পে ৩ কোটি শ্রমদিবস প্রাথমিকভাবে অনুমোদিত হয়েছে। ৩০ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত রাজ্যে এই প্রকল্প দ্বারা ১.৯১ কোটি শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এই তথ্যের দ্বারা এটা সহজেই বোঝা যায় যে, প্রাথমিক ভাবে অনুমোদিত বাজেটের ভিত্তিতেই রাজ্যের গ্রাম-পাহাড়ে রেগা প্রকল্পে কাজের কোনো স্বল্পতা নেই। প্রতি বছরের ন্যায় এই বছরেও প্রাথমিক বাজেট ফুড়িয়ে গেলে রাজ্য সরকার বাজেট রিভিশন করে অতিরিক্ত অর্থ প্রদানের জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করবে। কেন্দ্রীয় সরকারও সাধারণত রাজ্যের প্রয়োজনের ভিত্তিতে বাজেট রিভিশন করে অতিরিক্ত অর্থ প্রদান করে।

গত ৬ বছরে রাজ্যে ভালোভাবেই MGNREGA-র কাজ হচ্ছে। উদাহরণ স্বরূপ বলা যায়, ২০২৩-২৪ অর্থবর্ষে, রাজ্যে এই প্রকল্পে গড়ে ৬৩ দিন কাজ হয়েছে। যেখানে জাতীয় গড় শ্রমদিবস ছিল ৫২ দিন। ২০২৩ ২৪ অর্থবর্ষে রাজ্যের মধ্যে ধলাই জেলায় সর্বোচ্চ ৮৪ দিন কাজ করেছে শ্রমিকরা। গড় শ্রমদিবসের নিরিখে গত অর্থবছরে রাজ্য সারা দেশের মধ্যে চতুর্থ স্থান অর্জন করেছিল। সম্প্রতি রাজ্যের বিধ্বংসী বন্যা পরিস্থিতির পড়েও রেগা প্রকল্পে কাজে আরো গতি আনার লক্ষ্যে গ্রামোন্নয়ন দপ্তর একটি স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর (SOP) প্রকাশ করেছে। সাথে সাথে দপ্তর এটাও নিশ্চিত করছে যে, কাজ করার পরে যেন কোনো শ্রমিককে তার মজুরীর জন্য ন্যূনতম সময়ের বেশী অপেক্ষা করতে না হয়।

আসন্ন দুর্গোৎসবের দিনগুলিতে যেন এই প্রকল্পে কোনো মজুরি বকেয়া না থাকে তার জন্য কেন্দ্রীয় ও রাজ্য সরকার বিশেষ ভাবে সচেষ্টিত আছে। ইতিমধ্যেই ২৬ সেপ্টেম্বর, ২০২৪ পর্যন্ত সমস্ত বকেয়া মজুরি প্রদান করা হয়েছে। উপরন্তু, এটা উল্লেখ্য যে গত ৩০ সেপ্টেম্বর, ২০২৪-এ কেন্দ্র সরকার রাজ্যকে এই প্রকল্পে অদক্ষ শ্রমিকদের মজুরি বাবদ ১৬৫.৪৪ কোটি টাকা অনুমোদন দিয়েছে।

কেন্দ্রীয় সরকার প্রতি বৎসর Consumer Price Index for Agriculture labour (CPIAL) এর উপর ভিত্তি করে প্রত্যেক রাজ্যের জন্য অদক্ষ শ্রমিকের মজুরি নির্ধারণ করে থাকে। ২০২৪-২৫ অর্থ বৎসরের জন্য কেন্দ্রীয় সরকার ত্রিপুরার জন্য MGNREGA-র অদক্ষ শ্রমিকদের মজুরি ২২৬ টাকা থেকে বৃদ্ধি করে ২৪২ টাকা করেছে।

বলা বাহুল্য, MGNREGA প্রকল্প তথা গ্রামোন্নয়ন দপ্তরের প্রতিটি প্রকল্প সম্বন্ধে প্রত্যেক জেলাশাসক ও বিডিও-দের নিয়ে প্রতি সপ্তাহে উচ্চ পর্যায়ে পর্যালোচনা করা হয়।

পরিশেষে, উপরিউক্ত পরিসংখ্যান তথা দপ্তর দ্বারা প্রদেয় যুক্তিসংগত ব্যাখ্যার মাধ্যমে এটা সহজেই অনুমেয় যে, রাজ্যে MGNREGA প্রকল্প বাস্তবায়নে কোনো প্রকার ঘাটতি নেই। ক্রমবর্ধমান অগ্রগতির মাধ্যমে এই বছরেও এই প্রকল্পে আশানুরূপ ফলাফল হবে বলেই মনে করছে রাজ্য সরকার।
